

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
প্রশাসন ও অর্থ শাখা
পুরাতন বন ভবন, ১০১, মহাখালী, ঢাকা-১২১২
www.bcct.gov.bd

নং ২২.০৬.০০০০.১১৮.১৪.০১৪-২০১৯.০৬

তারিখ: ১২/০১/২০২২ খ্রি:


বিষয়: জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্ধায়ে ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক বাস্তবায়নধীন “জলবায়ু পরিবর্তনজনিত বাস্তবায়নদের স্থানীয়ভাবে অভিযোজনের জন্য টেকসই জীবিকার কর্মপরিকল্পনা প্রনয়ন” শীর্ষক প্রকল্পের ১ম সংশোধিত মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১২ ডিসেম্বর, ২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৫৫-তম সভায় “জলবায়ু পরিবর্তনজনিত বাস্তবায়নদের স্থানীয়ভাবে অভিযোজনের জন্য টেকসই জীবিকার কর্মপরিকল্পনা প্রনয়ন” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ডিসেম্বর, ২০২২ খ্রি: পর্যন্ত বৃদ্ধি করা হলো।

প্রকল্পের মেয়াদকাল (মূল)	প্রকল্পের সংশোধিত মেয়াদকাল (১ম সংশোধিত)	মোট প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)
জুলাই, ২০১৮ হতে জুন, ২০২০ পর্যন্ত	জুলাই, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২২ পর্যন্ত	১৫০.০০ লক্ষ টাকা

প্রকল্প বাস্তবায়নের শর্তাবলী:

- ১। প্রকল্প বাস্তবায়নের বিষয়ে এবং বরাদ্দকৃত এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা অনুসরণ করতে হবে;
- ২। এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA), 2006 এবং Public Procurement Rules (PPR), 2008 অনুসরণ করতে হবে;
- ৩। অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোন অংশে এই অর্থ ব্যয় করা যাবে না;
- ৪। প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC) সভার কার্যবিবরণী নিয়মিত বিসিসিটি'তে প্রেরণ করতে হবে;
- ৫। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট-এ প্রেরণ করতে হবে;
- ৬। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদনের হার্ড এবং সফ্ট কপি ছবিসহ (bcctmoef@hotmail.com) এই ই-মেইল ঠিকানায় প্রেরণ নিশ্চিত করতে হবে;
- ৭। প্রকল্প এলাকার চলমান কাজের ভিডিও/রাজিন ছবি ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ৮। প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন এলাকায় বিসিসিটি কর্তৃক নির্ধারিত পরিমাপ (৩ ফুট বাই ২ ফুট) ও স্পেসিফিকেশন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট তথ্য সম্বলিত দৃশ্যমান স্থায়ী সাইনবোর্ড স্থাপন করতে হবে;
- ৯। প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালার অনুচ্ছেদ ১০.১ অনুযায়ী প্রকল্পের সার্বিক ও আর্থিক দায়িত্ব প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থার উপর বর্তাবে এবং প্রকল্প শেষে অডিট রিপোর্টের কপি বিসিসিটি-তে প্রেরণ করতে হবে;
- ১০। প্রকল্পের ব্যাংক বিবরণীসহ অব্যয়িত অর্থ সুদ সমেত এবং প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত মালামাল ও যন্ত্রপাতি ট্রাস্ট কার্যালয়ে ফেরৎ প্রদান করতে হবে।
- ১১। ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে নির্ধারিত ছকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR), বিসিসিটি'তে প্রেরণ করতে হবে;
- ১২। প্রকল্পের অনুকূলে ব্যাংক বিবরণীসহ সুদ, অব্যয়িত অর্থ ও মালামাল বিসিসিটি'তে প্রেরণ করতে হবে এবং অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে প্রকল্প পরিচালক দায়ী থাকবেন।


(ড. মো: রেজাউল হক)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
ফোন: ০২২২২২৯০৯৫৯।

বিতরণ:

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জনাব ড. নূরুল ইসলাম নাজেম, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও প্রকল্প পরিচালক
“জলবায়ু পরিবর্তনজনিত বাস্তবায়নদের স্থানীয়ভাবে অভিযোজনের জন্য টেকসই জীবিকার কর্মপরিকল্পনা প্রনয়ন” শীর্ষক প্রকল্প।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা (প্রকল্পটি জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় এজেন্ডাতুল্যকরণ এবং পরিবীক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অফিস কপি।